

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৬৬৭

১৩/ সওম (كتاب الصيام)

পরিচ্ছেদঃ ১৩/৯. সাহারীর ফযীলত এবং তা গ্রহণের প্রতি গুরুত্বারোপ এবং সাহরী দেরি করে খাওয়া এবং ইফতার জলদি করা মুস্তাহাব।

فضل السحور وتأكيد استحبابه، واستحباب تأخيره وتعجيل الفطر

আর্বী

حديث سَهْلِ بْنِ سَعْدٍ، أَنَّ رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: لاَ يَزالُ النَّاسُ بِخَيْرٍ مَا عَجَّلُوا الْفِطْرَ

বাংলা

৬৬৭. সাহল ইবনু সা'দ (রাঃ) হতে বর্ণিত। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ লোকরা যতদিন শীঘ্র ইফতার করবে, ততদিন তারা কল্যাণের উপরে থাকে।

ফুটনোট

হাদীসে জলদি জলদি ইফতার করার জন্য খুব তাগিদ দেয়া হয়েছে। এর অর্থ হচ্ছে সূর্যান্তের সঙ্গে সঙ্গে ইফতার করতে হবে। চোখে সূর্যান্ত দেখে ইফতার করা যায়। সূর্যান্ত দেখতে না পাওয়া গেলে সূর্যান্তের সময়সূচী বাংলাদেশ আবহাওয়া অফিস থেকে সংগ্রহ করা যায়। রেডিও ও টেলিভিশনে সূর্যান্তের সময় ঘোষণা করা হয়, খবরের কাগজেও সূর্যান্তের সময় লেখা হয়। আমাদের দেশে ইফতারের সময়সূচী প্রকাশ করা হয়, য়েগুলিতে সূর্যান্তের সময়ের সাথে ১ মিনিট বা ২ মিনিট বা ৫ মিনিট যোগ করে ইফতারের সময় বলে লেখা হয়। কিন্তু হাদীসে উল্লেখিত কল্যাণ লাভ করতে চাইলে সূর্যান্তের সময় জেনে নিয়ে সাথে সাথেই ইফতার করতে হবে। সূর্যান্ত হয়ে গেলেও ইফতার না করে বসে বসে অন্ধকার করা ইহুদী ও নাসারাদের কাজ। (আবু দাউদ ২২৫৩, ইবনু মাজাহ ১৬৯৮)]

সহীহুল বুখারী, পর্ব ৩০: সওম, অধ্যায় ৪৫, হাঃ ১৯৫৭; মুসলিম, পর্ব ১৩ : সওম, অধ্যায় ৯, হাঃ ১০৯৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

गढान भाग, गार्ट्स (Sailiii) नुगताना भाग



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন